

## তিনটি মাছের কাহিনী

একদা একটি বড় জলাশয়ে তিনটি মাছ থাকতো। তাদের মধ্যে একজন ভাগ্যে বিশ্বাসী, আরেকজন বুদ্ধিমান, এবং তৃতীয়জন খুব চতুর, সে না ভেবে, কোন কাজই করে না।

একদিন চতুর মাছটি দুই জেলের কথপকথন শুনতে পায়।  
জেলেরা জলাশয়ের সমস্ত বড় এবং সুন্দর মাছগুলি ধরার পরিকল্পনা করছিল।

এই কথা শোনার সাথে সাথেই, চতুর মাছটি দুই বন্ধুর কাছে ফিরে গেল এবং সমস্ত কাহিনী শোনালো।

বুদ্ধিমান মাছটি বললো, 'আমি জানি আমাকে কি করতে হবে'

ভাগ্যে বিশ্বাসী মাছটি বললো, 'যা হবার তা হবেই, আমি এখানে ছোট থেকে রয়েছি, আমি এখান থেকে কোথাও যাব না.'

চতুর মাছটি বললো, 'আমি এই জলাশয় ছেড়ে চলে যাব,'

এবং সে একটি খালের মধ্যে দিয়ে অপর একটি জলাশয়ের খোঁজে চলে যায়।

পরদিন সকালে, দুই জেলে জাল নিয়ে জলাশয়ে আসে। তাদের জালে দুই বন্ধু সহ বহু মাছ ধরা পড়লো।

বুদ্ধিমান মাছটি জালে মৃতের মতো পড়ে রইলো, এবং জেলেরা তাকে মৃত ভেবে পুনরায় জলে ফেলে দেয়।

কিন্তু যে মাছটি ভাগ্যে বিশ্বাসী ছিল, সে তার বন্ধুর মতো মৃতের অভিনয় করল না, জেলেরা তাকে ধরে নিয়ে চলে যায়, এবং অবশেষে সে মারা যায়।

দুই বন্ধু বুদ্ধি এবং চতুরতার দরুন, জেলেদের কাছ থেকে বেঁচে যায়।

নৈতিক শিক্ষা: বুদ্ধি দিয়ে ক্ষমতাকে জয় করা যায়।